**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল পুরো স্টেটের বাড়ির মালিক এবং ছোট আবাসিক বিল্ডিংয়ের জন্য হিট পাম্প ইন্সটল করা বাড়াতে 150 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দেওয়ার ঘোষণা করলেন

## *নতুন Green Small Buildings প্রোগ্রামটি ডিকার্বোনাইজেশনের গতি বাড়াবে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য এনার্জির খরচ কমাবে*

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে পুরো নিউ ইয়র্ক স্টেটের (New York State) ছোট আবাসিক বিল্ডিংয়ে এনার্জি এফিশিয়েন্ট হিট পাম্প সিস্টেম ইন্সটল করাকে সমর্থন করার জন্য এখন 150 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অতিরিক্ত তহবিল পাওয়া যাবে। নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) Green Small Buildings প্রোগ্রামের মাধ্যমে পরিচালিত এই তহবিল ক্লিন হিটিং এবং কুলিং টেকনোলজির অ্যাক্সেস বাড়াতে সাহায্য করবে, এবং একই সাথে এমিশন কমাবে এবং বাড়ির মালিক ও ভাড়াটিয়ার জন্য ক্রয়ক্ষমতাকে উন্নত করবে।

"একটি আরো সাশ্রয়ী এবং আরো সাস্টেনেবল ভবিষ্যৎ গড়ে তোলার ব্যাপারে নিউ ইয়র্ক দেশকে নেতৃত্ব দিয়ে চলেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বাড়ির মালিক এবং ছোট বিল্ডিংয়ের জন্য আধুনিক, এনার্জি এফিশিয়েন্ট হিট পাম্প টেকনোলজিতে বিনিয়োগ করার মাধ্যমে আমরা ইউটিলিটির খরচ কমাচ্ছি, ক্ষতিকর এমিশন কম করছি এবং নিশ্চিত করছি যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী নিরাপদ, আরামদায়ক এবং ক্লাইমেট-ফ্রেন্ডলি বাড়িতে বাস করতে পারে।"

স্টেটের 1 বিলিয়ন মার্কিন ডলারের Sustainable Green Futures প্রোগ্রামের অংশ হিসেবে, Green Small Buildings প্রোগ্রামটি পুরো নিউ ইয়র্ক স্টেটে এমন হাই পারফর্ম্যান্সের হিট পাম্প ইন্সটল করা এবং সম্পর্কিত আপগ্রেড করাকে সমর্থন করে যা বিল্ডিংয়ের ইলেক্ট্রিফিকেশনকে সম্ভব করে। এটি কম এবং মাঝারি আয়ের পরিবার সহ এক পরিবারের বাড়ি এবং ছোট আকারের আবাসিক বিল্ডিংয়ের জন্য ক্লিন এনার্জি আপগ্রেডের অ্যাক্সেস বাড়াবে বলে আশা করা যাচ্ছে, এবং একই সাথে এটি স্থানীয় অর্থনীতিকে সমর্থন করবে এবং নিউ ইয়র্কের সম্পূর্ণ ইলেকট্রিক বিল্ডিং খাতে ট্রানজিশনকে অগ্রসর করবে।

এই তহবিল এখন HCR দ্বারা পরিচালিত অনেকগুলি বিদ্যমান ছোট বিল্ডিং ডেভেলপমেন্ট অনুদান এবং লোন প্রোগ্রাম, এবং একই সাথে নিউ ইয়র্ক স্টেটের মর্টগেজ এজেন্সির (Mortgage Agency) মর্টগেজ প্রোগ্রামগুলির মাধ্যমে একটি সহায়ক রিসোর্স হিসেবে দেওয়া হচ্ছে, যার

ফলে আরো সহজ বিতরণ এবং আরো দ্রুত বাস্তবায়ন সম্ভব হচ্ছে এবং নিশ্চিত করা যাচ্ছে যাতে পুরো স্টেটের বড় ভৌগলিক অংশ এর অ্যাক্সেস পায়।

উন্নত মানের ফলাফল নিশ্চিত করতে, সব প্রজেক্টকে নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (Energy Research and Development Authority) Clean Heat প্রোগ্রামের সাথে সমন্বয় করে তৈরি করা গাইডলাইন মেনে চলতে হবে। এই স্ট্যান্ডার্ডগুলি ইন্সটল করা, পারফর্ম্যান্স, এবং লম্বা সময়ের জন্য এনার্জি সাশ্রয় করার সেরা প্র্যাকটিসকে নিশ্চিত করবে।

**নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন,** "এই 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি বড় আকারের প্রোগ্রামে প্রায়ই অবহেলিত হওয়া যোগ্য ছোট বিল্ডিংয়ের বাড়ির মালিক এবং কম থেকে মাঝারি আয়ের বাসিন্দাদের জন্য হাই পারফর্ম্যান্সের, সম্পূর্ণ ইলেকট্রিক সমাধান আনার ক্ষেত্রে আমাদের সক্ষমতাকে আরো জোরদার করছে। আমাদের বিদ্যমান পার্টনার এবং প্রোগ্রামকে কাজে লাগিয়ে আমরা দ্রুত আরো ক্লিন, আরো স্বাস্থ্যকর এবং আরো সাশ্রয়ী বাড়ি তৈরি করতে পারি, এবং একই সাথে নিউ ইয়র্কের দেশসেরা ক্লাইমেট সম্পর্কিত লক্ষ্যগুলিকে অগ্রসর করতে পারি।"

**স্টেটের সিনেটর Kevin Parker (কেভিন পার্কার) বলেন,** "আমি স্পষ্টভাবে বলতে চাই, এটি হঠাৎ করে ঘটেনি। এই বিনিয়োগ হলো ক্লিন এনার্জি অর্থনীতিতে ট্রানজিশনের সময় নিউ ইয়র্কবাসীরা যাতে পিছিয়ে না পরে তা নিশ্চিত করার জন্য অনেক বছরের চেষ্টা, সংগ্রাম এবং আইন তৈরির ফল। সিনেটের এনার্জি এবং টেলিকমিউনিকেশন্স কমিটির (Senate Energy and Telecommunications Committee) চেয়ার হিসেবে আমি নিশ্চিত করতে কাজ করেছি যাতে রিসোর্স নিয়ে শুধু আলোচনা না হয়, বরং যাতে এটি সরাসরি আমাদের কমিউনিটিতে পৌঁছে দেওয়া যায়। এর লক্ষ্য এই মুহূর্তের বাস্তব প্রভাব। পরিবারগুলি এখন ইউটিলিটির বাড়তে থাকা খরচ, পুরোনো হাউজিং এবং কাজ করে না এমন সিস্টেমের কারণে কষ্ট করছে। এই তহবিল মানুষের বাড়িতে পৌঁছে যাচ্ছে, যেখানে এটির যাওয়ার কথা, এবং বিল কম করছে, বাতাসের মান উন্নত করছে এবং এই বাড়িগুলিকে এখনই আরো নিরাপদ এবং আরো এফিশিয়েন্ট করছে। কিন্তু এই কাজ আমাদের গড়তে থাকা ভবিষ্যতের জন্যও করা হচ্ছে। আমরা আরো স্বাস্থ্যকর এলাকা, আরো জোরদার স্থানীয় অর্থনীতি এবং আরো স্থিতিশীল এমন একটি এনার্জি সিস্টেম তৈরি করছি যা সবার জন্য কাজ করবে, শুধু কিছু মানুষের জন্য না। আমরা নিশ্চিত করছি যাতে নিউ ইয়র্কের অগ্রগতির সাথে আমাদের কমিউনিটিগুলিরও অগ্রগতি হয়। এটিই হলো সমতা। এটিই হলো নেতৃত্ব। এবং এটিই হলো এই স্টেটের মানুষের জন্য কাজ করে দেখানোর অর্থ।"

**গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা**

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। ফিসক্যাল ইয়ার 23 (FY23) থেকে, গভর্নর 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছরের সার্বিক হাউজিং প্ল্যান (Housing Plan) শুরু করার মাধ্যমে হাউজিং সাপ্লাই বাড়াতে এবং হাউজিংকে আরো সাশ্রয়ী করতে কাজ করেছেন, তিনি কয়েক দশকের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ হাউজিং ডিল কার্যকর

করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। এখন পর্যন্ত পুরো স্টেটের 410টির বেশি কমিউনিটি প্রো-হাউজিং স্বীকৃতি পেয়েছে।

গভর্নর Hochul (হোকল)-এর 2026 সালের স্টেট অব দ্য স্টেট এর অংশ হিসেবে, তিনি তার "লেট দেম বিল্ড (Let Them Build)" কর্মসূচি প্রস্তাব করেছেন; যা আবাসন ও অবকাঠামোগত উন্নয়ন ত্বরান্বিত করতে এবং খরচ কমাতে কতগুলো যুগান্তকারী সংস্কারের সমষ্টি। এই উদ্যোগটি নিউ ইয়র্কের স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA)-এ বাস্তবসম্মত সংস্কার এবং নির্বাহী পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াকে উৎসাহিত করবে যার লক্ষ্য হলো সেইসব গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে দ্রুত সম্পন্ন করা যেগুলোর পরিবেশগত কোনো নেতিবাচক প্রভাব নেই, কিন্তু দীর্ঘকাল ধরে আমলাতান্ত্রিক জটিলতা ও দীর্ঘসূত্রতার কবলে পড়ে আছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এখন পর্যন্ত 80,000-এর বেশি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে এক্সিকিউটিভ বাজেট ক্যাপিটাল তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন